

ডেল্টা এয়ারের ১২০ কোটি ডলার মুনাফা

- A Monitor Desk Report

Date: 22 October, 2021



মার্কিন উড়োজাহাজ পরিষেবা সংস্থা ডেল্টা এয়ারলাইনস জানিয়েছে, চলতি বছরের তৃতীয় প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) সংস্থাটি ১২০ কোটি ডলার মুনাফা পেয়েছে।

এক্ষেত্রে মার্কিন ফেডারেল সরকারের কভিড-সংক্রান্ত প্রণোদনা সহায়তা করেছে বলে জানিয়েছে সংস্থাটি।

সংস্থাটির প্রধান নির্বাহী কর্মকর্তা এড বাস্টিয়ান বলেন, চার বা পাঁচ সপ্তাহ ধরে আমরা বুকিংগুলো বাড়তে দেখছি। কভিডের সংক্রমণ কমে আসায় মানুষরা আবারো ভ্রমণে উৎসাহিত হচ্ছে।

বাণিজ্যিক ও আন্তর্জাতিক ভ্রমণ না বাড়লেও করপোরেট ভ্রমণ প্রাক-মহামারীর ৪০ শতাংশে উন্নীত হয়েছে।

এয়ারলাইনসের আরো অনেক কর্মী অফিসে গিয়ে কাজ করতে উৎসাহিত হচ্ছে। পাশাপাশি যুক্তরাষ্ট্র কভিডজনিত বিধিনিষেধে শিথিলের ঘোষণা দেয়ায় বুকিংয়ের সংখ্যা ব্যাপকভাবে বাড়ছে।

তবে জ্বালানির উচ্চ দাম চতুর্থ প্রান্তিকে আবারো লোকসানে ফেরাবে বলে সতর্ক করেছে সংস্থাটি।